"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৬১ তারিখঃ ২৮ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
১২ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২১ পালন উপলক্ষে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক কমিশনের চেয়ারম্যন অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামের সভাপতিত্বে একটি আলোচনা সভা অদ্য ১২ আগষ্ট, ২০২১ তারিখ রোজ: বৃহস্পতিবার বিকাল ৪:০০ ঘটিকায় কমিশনের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. এ কে আজাদ চৌধুরী, এমিরেটাস অধ্যাপক ও সাবেক উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়। উক্ত অনুষ্ঠানে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন কমিশনের পরিচালক জনাব শেখ মাহবুব উর রহমান। এরপর ১৫ ই আগষ্ট নিহত সকল শহীদের স্মৃতির স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।


সভাপতির বক্তব্যে চেয়ারম্যান মহোদয় বঙ্গবন্ধুর সংগ্রামী জীবনের বিভিন্ন দিক তুলে ধরেন এবং স্বাধীনতা পরবর্তী অর্থনৈতিক উন্নয়নে বঙ্গবন্ধুর স্বপ্ন ও তা বাস্তবায়নে বিভিন্ন পরিকল্পনার কথা উল্লেখ করেন। বক্তব্যে তিনি কমিশন কর্তৃক আয়োজিত রোডশোতে বাংলাদেশ সম্পর্কে বহির্বিশ্বে নেতিবাচক ধারণার পরিবর্তন এসেছে উল্লেখ করে করোনার মধ্যেও জীবন ও জীবিকার মধ্যে ভারসাম্য রেখে দেশ এগিয়ে যাচ্ছে বলে মন্তব্য করেন। এছাড়াও বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দায়িত্ব, কর্তব্য ও দূরদর্শিতার বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বঙ্গবন্ধুর যোগ্য উত্তরসূরী হিসেবে উল্লেখ করেন এবং বাংলাদেশের আজকের উন্নয়নের পেছনে বঙ্গবন্ধুর স্বপ্ন ও রাজনৈতিক দর্শন এবং তার বাস্তবায়নে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন। একজন মানুষ কতটা সাহসী ও বিশাল হৃদয়ের অধিকারী হতে পারেন বঙ্গবন্ধু তা বিশ্বকে দেখিয়েছেন। তিনি বলেন বাংলাদেশের আজকের এই অর্জন বঙ্গবন্ধু বেঁচে থাকলে আরও অনেক আগেই অর্জিত হতো। এমন মহান নেতার মৃত্যু জাতিকে বহু বছর পিছিয়ে দিয়েছে। সবশেষে ১৫ ই আগষ্টে নিহত সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করেন।

প্রধান অতিথির প্রফেসর ড. এ কে আজাদ চৌধুরী ১৫ ই আগষ্টের ঘাতকদের প্রচলিত আইনি প্রক্রিয়ায় বিচার ও দন্ড কার্যকরের কথা উল্লেখপূর্বক বক্তব্য শুরু করেন। বঙ্গবন্ধু সব সময় তার পরিবারের চেয়ে দেশের মুক্তি ও স্বাধীনতা অর্জনকে প্রাধান্য দিয়েছেন। এজন্য তিনি তার জীবনের সোনালী সময়ে বছরের পর বছর কারাবরণ করেছেন। বঙ্গবন্ধু হৃদয়ের বিশালতা দিয়ে আমৃত্যু মানুষকে ভালোবেসেছেন। বক্তব্যে তিনি উল্লেখ করেন পৃথিবীর ইতিহাসে একমাত্র বঙ্গবন্ধুই অহিংস আন্দোলনের মাধ্যমে একটি স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা করেন। তিনি বঙ্গবন্ধুর ০৭ ই মার্চের ঐতিহাসিক ভাষণকে গেটিসবার্গের ভাষণের চেয়েও মহোত্তম বলে উল্লেখ করেন। তিনি বঙ্গবন্ধুর দর্শনকে বাংলাদেশের বর্তমান আর্থ সামাজিক অগ্রগতির ভিত্তি হিসেবে অভিমত প্রকাশ করেন। এরকম একজন মহান নেতাকে কোন বাঙালি হত্যা করতে পারে, এই কলংক বাঙালি জাতিকে আজীবন বহন করতে হবে। জাতি হিসেবে বাঙালি অকৃতজ্ঞ নয়, মুষ্টিমেয় কিছু মানুষের বিশ্বাসঘাতকতার জন্য পুরো জাতিকে মূল্য দিতে হচ্ছে। পরিশেষে প্রধান অতিথি বঙ্গবন্ধুর আত্মার মাগফিরাত কামনা করেন।

এছাড়াও আলোচনায় আরো অংশগ্রহণ করেন কমিশনের কমিশনার জনাব শেখ শামসুদ্দিন আহমেদ, কমিশনার জনাব আবদুল হালিম ও নির্বাহী পরিচালক জনাব আশরাফুল ইসলাম।

12-08-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd


জয় বাংলা
বিসমিল্লাহির রাহমানির রাহিম
১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস
শোক থেকে শক্তি, শোক থেকে জাগরণ
স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
৪৬তম শাহাদৎ বার্ষিকীতে "জাতীয় শোক দিবস ২০২১" পালন উপলক্ষ্যে আলোচনা
প্রধান অতিথি
ড. এ কে আজাদ চৌধুরী
এমেরিটাস অধ্যাপক ও সাবেক উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়
সভাপতি
অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মাল্টিপারপাস হল, সিকিউরিটিজ কমিশন ভবন (২য় তলা)
১২ই আগস্ট ২০২১, বিকাল ৩:০০ ঘটিকা
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন


জয় বাংলা
বিসমিল্লাহির রাহমানির রাহিম
১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস
শোক থেকে শক্তি, শোক থেকে জাগরণ
স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ
৪৬তম শাহাদৎ বার্ষিকীতে "জাতীয় শোক দিবস ২০২১" পালন উপলক্ষ্যে আলোচনা সভা
প্রধান অতিথি
ড. এ কে আজাদ চৌধুরী
এমেরিটাস অধ্যাপক ও সাবেক উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়
সভাপতি
অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মাল্টিপারপাস হল, সিকিউরিটিজ কমিশন ভবন (২য় তলা)
১২ই আগস্ট ২০২১, বিকাল ৩:০০ ঘটিকা
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন